# আচরণবিধি

## (কোভিট-১৯ আচরণবিধিসহ সামাজিক, পরিবেশগত, স্বাস্থ্য ও সুরক্ষার বিষয় সংযুক্ত)

## এমএম বিল্ডারস অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড এবং এম/এস অনিক ট্রেডিং কর্পোরেশন (জেভি)

## চুক্তি নং: বিএলপিএ/ডাবলু-২

## শেওলা স্থলবন্দর উন্নয়ন (আইডিএ ক্রেডিট নং ৬০০২-বিডি)

বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট-১, চুক্তি নং বিএলপিএ/ডাবলু-২ প্রকল্পের সাথে সম্পর্কিত নির্মাণ পর্যায়ের বিভিন্ন কার্যক্রমের কারণে সামাজিক, পরিবেশগত ঝুঁকি, স্বাস্থ্য সুরক্ষা এবং পরিষেবা বিধিগুলি হ্রাস বা দূরীকরণের মূল নির্দেশিকা হিসাবে নীচের অনুচ্ছেদ গুলো বিবেচিত হবে এবং নির্মাণের দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান নিম্নলিখিত দিকগুলি নিশ্চিতভাবে মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ:

### ১. সামাজিক

১. নারী ও শিশু কর্মচারী/শ্রমিকদের উপরে অযাচিত বল প্রয়োগ না করার ব্যাপারে এবং যৌন হয়রানি বন্ধ করার বিষয়ে নিশ্চিতকরণ।

২. প্রকল্পের কাজে নিয়োজিত নারী শ্রমিকদের পাচার রোধ নিশ্চিত করা।

৩. কোনও শিশু শ্রমিক (১৮ বছরের কম বয়সী) প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে না তা নিশ্চিত করা।

৪. কাজের পরিকল্পনা বন্টন, সরকারী ও অন্যান্য ছুটির দিনগুলো বিবেচনা করে করা এবং কোনও ভারী কাজ নারীদের তাদের গুরুত্বপূর্ণ সময়ে বন্টন না করা।

৫. নারী ও পুরুষ উভয় কর্মচারী/শ্রমিকের জন্য ডে কেয়ার সুবিধা নিশ্চিত করা।

৫. সরকারী নিয়ম অনুযায়ী নারীদের মাতৃত্বকালীন ছুটির সুবিধা প্রদান করা।

৭. নিয়োগ ও অব্যাহতির ক্ষেত্রে স্বচ্ছ নীতি অনুসরণ করা।

৮. নারী ও পুরুষ শ্রমিক উভয়ের জন্য বেতন/পারিশ্রমিক প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও সমতা অনুসরণ করা হবে এবং পেমেন্ট স্লিপে প্রদান করা হবে।

৯. প্রকল্প সীমানার বেড়া এবং চলমান কাজের স্থানেও অস্থায়ী বেড়া নির্মাণ নিশ্চিত কর।

১০. নির্মাণ সাইটের প্রবেশদ্বারে প্রচলিত সরকারী আইন এবং সীমাবদ্ধতা সম্পর্কিত একটি লিখিত নির্দেশনা ঝুলানো থাকবে।

১১. ঠিকাদারের কাজের গুণগত মান বা সদস্যদের আচরণের বিরুদ্ধে অভিযোগ প্রদান ও নিরসনের ব্যবস্থা করা।

১২. নারী ও পুরুষ কর্মীর মজুরি ও অন্যান্য বিষয় সম্পর্কিত কাজের জন্য সমান সুযোগ রাখা।

১৩. সামাজিক ও পরিবেশের উপর অবদান রাখার মাধ্যমে দেশের প্রতি দায়বদ্ধতা বজায় রাখা।

১৪. প্রকল্পের কাজে নিয়োজিত শ্রমিকদের অধিকার নিশ্চিত করার জন্য অভিযোগের প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা, যাতে অভিযোগগুলি আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে সমাধান করা যায়।

অভিযোগ নিষ্পতির জন্য সংবেদনশীলতা এবং স্বচ্ছতা বজায় রেখে সমস্যাগুলি নীচের নীতিমালার ভিত্তিতে হ্রাস করা:

- প্রকল্পের আশেপাশে অবস্থানকারী জনগণের সাথে বিনীত, শ্রদ্ধাশীল এবং বিনয়ী আচরণ করা।

- নারী পুরুষ ভেদে অসম অভিব্যক্তি, যৌন দৃষ্টিভঙ্গি, শারীরিক অক্ষমতা/গঠন, শরীরের আকার, জাতি এবং ধর্ম সম্পর্কিত কোনও আপত্তিকর মন্তব্য না করা।
- উন্মুক্ত জায়গায় প্রকৃত বা সহিংসতায় বাধ্য করা, ভয় দেখানো, নিপীড়ন, লাঞ্ছনা, অনুসরণ, ফটোগ্রাফি বা রেকডিং হয়রানি, আলোচনা বা চলাচলে বাধা দেওয়া এবং অনুপযুক্ত শারীরিক সম্পর্কের কোনও যৌন চিত্র না দেখানো।
- সম্প্রদায়ের প্রত্যেককেই তাদের স্ব স্ব অবস্থান নির্বিশেষে স্বাগত জানানো এবং জনহিতকর কাজে অংশগ্রহণের ব্যাপারে উৎসাহিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করা।
- অপরের সমালোচনাকে ভালভাবে গ্রহণ করা।
- ব্যক্তিগত এবং সংবেদনশীল তথ্য কাউকে না বলা এবং আইন ভঙ্গ না করা।

## ২. পরিবেশগত

১. শব্দ এবং কম্পন নিয়ন্ত্রনের ব্যবস্থা করা
২. বায়ুমান নিয়ন্ত্রণের ব্যবস্থা করা
৩. প্রকল্প নির্মাণ এলাকায় নিয়ন্ত্রিত ট্রাফিক ব্যবস্থাপনা নিশ্চিত করা
৪. নির্মাণ কাজের আশেপাশে ঘুরে বেড়ানো পাখি ও প্রাণী শিকার না করা
৫. সুপরিকল্পিত ও পরিবেশ বান্ধব নির্মাণ শিবির পরিচালনা করা
৬. পরিবেশ বান্ধব বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনা করা যা সাধারণ বর্জ্য ও ক্ষতিকারক বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য
৭. নির্মাণ কাজের ভিতরে ও চারপাশে রাতে সার্চ লাইটের ব্যবস্থা, আগুন সনাক্তকরণ ও নিবারণ ব্যবস্থা এবং পর্যবেক্ষণ টাওয়ার স্থাপনা করা
৮. নির্মাণ কাজে ব্যবহৃত জ্বালানী এবং বিপদজ্জনক জিনিসপত্রের সুব্যবস্থাপনা করা
৯. পানি সম্পদের সুব্যবস্থাপনা নিশ্চিত করা
১০. নিরাপদ স্যানিটেশন সহ স্বাস্থ্য এবং স্বাস্থ্যকর পরিবেশ ব্যবস্থাপনা নিশ্চিত করা
১১. সুপেয় পানীয় জলের ব্যবস্থাপনা নিশ্চিত করা
১২. প্রকল্প নির্মাণ এলাকায় পানি নিস্কাষণ ব্যবস্থাপনা নিশ্চিত করা
১৩. বিদ্যমাণ খালের ক্ষয় রোধ এবং খালের তলার পলি নিয়ন্ত্রণ নিশ্চিত করা
১৪. উপরি স্তরের মাটি সুব্যবস্থাপনা নিশ্চিত করা
১৫. প্রয়োজনীয় অস্থায়ী কাঠামো নির্মাণ এবং তা পরে সরিয়ে নেবার ব্যবস্থা করা
১৬. অফিসে বিদ্যুত স্বাশ্রয়ী বাল্ব ও ফ্যান ব্যবহার করা ও সৌর বিদ্যুত ব্যবহার নিশ্চিত করা
১৭. পর্যাপ্ত সহায়ক কর্মীসহ পরিবেশ, স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থাপক নিয়োগ করা
১৮. পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থাপককে রিপোর্ট করার বিধান রাখা
১৯. জেনারেটর এবং সিসিটিভি ব্যবস্থা সহ পুরো সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা।

## ৩. স্বাস্থ্য ও সুরক্ষা

স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থাপনার উদ্দেশ্য হল যে কোনো দুর্ঘটনার প্রতিকার ও প্রতিরোধ এবং প্রকল্পের বিভিন্ন কাজে নিয়োজিত কর্মীদের সাথে কাজ করা সদস্য এবং প্রকল্প এলাকায় আসা সাধারণ জনগণের জন্য একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করা। এমএম বিল্ডারস অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড এবং এম/এস অনিক ট্রেডিং কর্পোরেশন (জেভি) এর লক্ষ্য স্পষ্ট যে একটি দুর্ঘটনা মুক্ত নিরাপদ পরিবেশ উপহার দেওয়া।

**সুরক্ষা ব্যবস্থাপনা গ্রহনের জন্য নিম্নলিখিত সরঞ্জাম গুলির বিস্তারিতভাবে বর্ণনা করা হল:**

- মাথার সুরক্ষার জন্য সুরক্ষা শিরস্ত্রাণ বা হেলমেট পরা।

- সুরক্ষা গগলস/সুরক্ষা চশমা ইত্যাদি পরিধানের মাধ্যমে চোখ-মুখ ও শ্রবণেন্দ্রিয় সুরক্ষা করা।
- শব্দের তীব্রতার উপর নির্ভর করে কানে এয়ার প্লাগ ব্যবহার করা।
- প্রতিরক্ষামূলক সরঞ্জামের মধ্যে গ্লোভস, আঙুলের সুরক্ষা এবং বাহু সুরক্ষার জন্য কনুই পর্যন্ত-দৈর্ঘ্যের গ্লাভস পরিধান করা।
- পা সুরক্ষার জন্য প্রতিরক্ষামূলক পাদুকা পরা।
- কর্মচারীদের জন্য স্বাস্থ্য বীমার ব্যবস্থা করা।
- নিরাপদ পানীয় জল নিশ্চিত করা।
- নারী-পুরুষ ভিত্তিক পৃথক পৃথক টয়লেট সুবিধা নিশ্চিত করা।
- ধুমপান মুক্ত অফিসের পরিবেশ বজায় রাখা।

**৪. কোভিড-১৯**

- কাজের শুরুতে একটি কোভিট-১৯ ঝুঁকি মূল্যায়ন বা সমীক্ষা প্রতিবেদন তৈরী করার ব্যবস্থা করা, কেননা কর্মক্ষেত্রে কর্মীদের মিশ্রণ থাকতে পারে বলে সমীক্ষাটি একটি প্রাথমিক পরিকল্পনা হিসাবে বিবেচিত হতে পারে।
- শ্রমিকরা বিভিন্ন শর্তসাপেক্ষে কাজে নিযুক্ত হতে পারে এবং কোন কোন শ্রমিক আবাসিক এবং কোন কোন শ্রমিক অনাবাসিক হিসেবে কাজে নিযুক্ত হতে পারে। কর্মীদের এই সমস্ত দিক মূল্যায়ন করে তাদের জন্য প্রযোজ্য সনাক্ত ও প্রশমন ব্যবস্থা নিশ্চিত করা হবে।
- দুর্বল শ্রমিকদেরকে (উদাহরণ: বয়স্ক বা ৫৫ বছরের বেশী বয়সী; দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত, কম রোগ প্রতিরোধ সম্পন্ন, ক্যান্সার, ডায়াবেটিস, গর্ভবতী ইত্যাদি) কর্মক্ষেত্রে কাজ দেওয়া থেকে বিরত রাখা।
- শ্রমিকদের শারিরিক পরিস্থিতি নিয়মিত পরীক্ষা করার সুযোগ দেওয়া হবে যাতে তারা নিজেকে, তাদের পরিবার এবং সম্প্রদায়ের জন্য সেরা সুরক্ষা দিতে পারে। তাদের কর্মক্ষেত্রে যে কোভিড-১৯ ও স্বাস্থ্য সুরক্ষা প্রোটোকল স্থাপন করা হয়েছে এবং সেগুলি বাস্তবায়নের ক্ষেত্রে তাদের নিজস্ব দায়িত্ব সম্পর্কে সচেতন করা। ঠিকাদারের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধী শ্রমিকদের সাথে নিয়মিত যোগাযোগ করবে যাতে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করা যায়।
    - সমস্ত শ্রমিক কোভিড-১৯ কিভাবে ছড়ায় তা বোঝা এবং
    - কীভাবে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহন করা হচ্ছে বা নিত্য নতুন ব্যাবস্থা গ্রহন করা হচ্ছে তা যেন সাইটের সমস্ত কর্মী অবগত থাকে।
- কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং যে কাউকে সুস্থ রাখার জন্য হাত ধোওয়া একটি সহজ ও সবচেয়ে কার্যকর উপায় হতে পারে।
- প্রত্যেকে অবশ্যই একটি মুখোশ (মাস্ক) পরতে হবে যা কোভিড-১৯ এর বিস্তার ঠেকাবে বা বিলম্বিত করবে।
- প্রত্যেকেরই বিশ্ব স্বাস্থ্য সংস্থার দেওয়া কোভিড-১৯ গাইডলাইন/প্রোটোকল অনুসারে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ঠিকাদার প্রতিদিন কর্মস্থলে প্রবেশকারী কর্মীদের স্বাস্থ্য পরিক্ষার ব্যবস্থা করবে যাতে করে শ্রমিকরা কাজের জন্য উপযুক্ত হয় যার ফলে যে কোনও অসুস্থ কর্মী সনাক্ত করা যায় এবং প্রকল্পের মধ্যে কোনও রোগের প্রাদুর্ভাব না হয়।
- সচেতনতার সাথে কোভিড-১৯ এর দৈনিক স্বাস্থ্য পরীক্ষার নিয়মাবলী কঠোরভাবে অনুসরণ করা।

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক সুপারিশকৃত কোভিড-১৯ সচেতনামূলক পোস্টারগুলি প্রকল্প এলাকার বিভিন্ন যায়গায় টানিয়ে দেওয়া ও কোভিড-১৯ পেশাগত স্বাস্থ্য সুরক্ষার প্রস্তাবিত নিয়মাবলী কঠোরভাবে মেনে চলবে।

এমএম বিল্ডারস এবং ইঞ্জিনিয়ার্স লিমিটেড এবং এম/এস অনিক ট্রেডিং কর্পোরেশন বিশ্বাস করে যে, সুষ্ঠ ব্যাবস্থাপনার মাধ্যমে প্রতিটি দুর্ঘটনা এবং এর ফলে হতাহত ক্ষয় ক্ষতি এড়ানো যায়। সম্ভাব্য হতাহত, অসুস্থতা বা দুর্ঘটনার সম্ভাবনা কমাতে আমরা প্রতিটি পদক্ষেপ পরিপুর্ণভাবে গ্রহন করব। এই প্রকল্পের কাজ চলাকালীন সময়ে আমাদের সামনে আসে নাই এমন সম্ভাব্য ঝুঁকি প্রতিরোধে সর্বাত্নক যত্ন নেব। আমাদের সুরক্ষা নীতিটি আমাদের কর্মী, নিয়োগকারীদের কর্মী, তৃতীয় পক্ষের ঠিকাদার, পরামর্শদাতাদের এবং সাধারণ জনগণকে রক্ষা করার জন্য তৈরি করা হয়েছে।

আমরা নিশ্চিত করব যে নির্মাণকাজের কর্মকান্ড শুরু করার সময়ে জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য নিম্নের সুরক্ষা সরঞ্জামগুলি প্রস্তুত থাকবেঃ

✓ প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম (ড্রেসিং ইত্যাদি)।
✓ দুর্ঘটনাজনিত কারনে নিকটতম হাসপাতালের জরুরী বিভাগের সাথে যোগাযোগ।
✓ নিকটতম ফায়ার ব্রিগেড স্টেশনের সাথে যোগাযোগ।
✓ তদারকি সরঞ্জাম।
✓ উদ্ধার সরঞ্জাম।
✓ অগ্নিনির্বাপক সরঞ্জাম।

## ৫. নির্মাণ কাজের সুরক্ষামূলক সরঞ্জাম

প্রত্যেক কাজের জন্য আলাদা আলাদা যে সকল ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামগুলির ব্যবস্থা থাকবেঃ

- সুরক্ষা গগলস, মুখের সিল্ড, সুরক্ষা চশমা ইত্যাদির মাধ্যমে চোখ এবং মুখের সুরক্ষা।
- শব্দের তীব্রতার উপর নির্ভর করে শ্রবণ সুরক্ষা ব্যাবস্থা।
- প্রতিরক্ষামূলক সরঞ্জামের মধ্যে গ্লোভস, আঙুলের সুরক্ষা এবং বাহু সুরক্ষার জন্য কনুই পর্যন্ত-দৈর্ঘ্যের গ্লাভস পরিধান করা।
- পা সুরক্ষার জন্য প্রতিরক্ষামূলক পাদুকা পরা।

এই আচরণবিধি বা নীতিগুলি এমএম বিল্ডারস এবং ইঞ্জিনিয়ার্স লিমিটেড এবং এম/এস অনিক ট্রেডিং কর্পোরেশন (জেভি) এর মঙ্গলের জন্য গুরুত্বপূর্ণ। এই কোডের উল্লেখযোগ্য লঙ্গনের কারনে কর্মী তার কাজ হারাতে পারে বা তাদের কর্মসংস্থানের জন্য খারাপ হতে পারে।

আমি উপরের বিবৃতিটি পড়েছি এবং বুঝতে পেরেছি এবং এর বিষয়বস্তু মেনে চলার চেষ্টা করব।

নামঃ MD. ALI AZAM

পদবীঃ Authorized Signature
M.M. Builders & Engineers Ltd.
and Anik trading Corporation (JV)

সীলমোহর সহ সহিঃ